ঝিনাইদহে হিন্দু সম্প্রদায়ের নেতৃবৃন্দের সঙ্গে বিএনপির মতবিনিময় সভা

আসন্ন শারদীয় দুর্গাপূজা উদযাপন উপলক্ষ্যে হিন্দু সম্প্রদায়দের নিয়ে ঝিনাইদহে মতবিনিময় সভার আয়োজন করা হয়। ঝিনাইদহ জেলা বিএনপি আয়োজিত এই সম্প্রীতি সভায় সনাতন ধর্মালম্বী সম্প্রদায়ের প্রতিনিধি, রাজনৈতিক ও সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ অংশ গ্রহন করেন।

শনিবার দুপুরে জেলা শিশু একাডেমি মিলনায়তনে আয়োজিত এ সভায় সভাপতিত্ব করেন জেলা পূজা উদযাপন ফ্রন্টের আহ্বায়ক মিলন কুমার ঘোষ। জেলা পূজা উদযাপন ফ্রন্টের সদস্য সচিব সমীর কুমার হালদারের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপির সভাপতি এ্যাডভোকেট এমএ মজিদ।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, সিনিয়র সহ সভাপতি মোঃ আক্তারুজ্জামান, সহ সভাপতি মুন্সি কামাল আজাদ পান্নু, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, সাংগঠনিক সম্পাদক সাজেদুর রহমান পপ্পু, ঝিনাইদহ পৌর বিএনপির সভাপতি এ্যাডভোকেট শামসুজ্জামান লাকী, সাধারণ সম্পাদক মাহাবুর রহমান শেখর, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, হিন্দু বৌদ্ধ খ্রিস্টান কল্যাণ ফ্রন্টের আহ্বায়ক তপন বিশ্বাস, সদস্য সচিব প্রহল্লাদ সরকার ও হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের আহ্বায়ক চন্দন বসু মুক্ত বক্তব্য রাখেন।

প্রধান অতিথি এম এ মজিদ বলেন, সম্প্রীতির এই বাংলাদেশ কারো একার পক্ষে স্বাধীন করা সম্ভব হয়নি। মুসলিমদের যেমন স্বাধীনতা সংগ্রামে অবদান আছে, তেমনি আছে হিন্দু বৌদ্ধ খ্রিস্টানদের। সবার মিলিত প্রচেষ্টার ফসল আজকের বাংলাদেশ।

তিনি বলেন এই দেশকে নিয়ে যারা ষড়যন্ত্র করে তারা কখনোই সফল হয়নি। শেখ হাসিনা এই বাংলাদেশকে ভারতের কদর রাজ্য করতে চেয়েছিল কিন্তু এদেশের মানুষ তার সেই ষড়যন্ত্র রুখে দিয়েছে।

বিএনপি’র এই তরুণ নেতা বলেন, আসন্ন দূর্গা পূজা নির্বিঘ্ন করতে বিএনপি ও তার অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ সর্বাত্মক সহযোগিতা করবে।

ঝিনাইদহে সূর্যের হাঁসি ক্লিনিকে মতবিনিময় সভা অনুষ্ঠিত

ঝিনাইদহে সূর্যের হাঁসি ক্লিনিকে বিশেষ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল দুপুরে হামদহ সূর্যের হাঁসি ক্লিনিকে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

এসময় স্থানীয় জনপ্রতিনিধি, বিশিষ্ট ব্যক্তিগন উপস্থিত ছিলেন। এসময় অতিথি হিসেবে ঝিনাইদহ সিভিল সার্জন, ডাঃ মোঃ কামরুজ্জামান, ঝিনাইদহ পরিবার পরিকল্পনার উপ-পরিচালক মোহাঃ মোজাম্মেল করিম, অতিরিক্ত জেলা প্রশাসক সাইফুর রহমান,সূর্যের হাঁসির এর প্রধান কার্যালয়ের প্রতিনিধি ক্লিনিক্যাল সার্ভিসেসের জেনারেল ম্যানেজার ডা. নকুল কুমার বিশ্বাস, অপারেশনসের জেনারেল ম্যানেজার, ব্রিগেডিয়ার জেনারেল মুহাম্মদ আশরাফুল কাদের (অব.), মার্কেটিং এর ডেপুটি জেনারেল ম্যানেজার গাজী মোহাম্মদ তানভীর মোস্তাফাসহ প্রধান কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ, ঝিনাইদহ ক্লিনিক ম্যানেজার মোঃ ইমতিয়াজ উদ্দিন ও বিশিষ্ট সমাজ সেবক জাহিদ বিশ^◌াস উপস্থিত ছিলেন। ‘সূর্যের হাঁসি ক্লিনিক’ সকলের কাছে সাশ্রয়ী মূল্যে স্বাস্থ্য সেবার একটি নির্ভরযোগ্য ঠিকানা।

পরিশেষে অতিথিরা মনোরম পরিবেশে পরিচালিত সূর্যের হাঁসি ক্লিনিক পরিদর্শন করেন। সকলেই সূর্যের হাঁসি ক্লিনিক সম্পর্কে ইতিবাচক ধারণা দেন এবং পরবর্তীতে সূর্যের হাঁসি ক্লিনিক-এ সেবা গ্রহণের আশা ব্যক্ত করেন।

[redacted]; [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

রুকসানার নামে পরিচালিত হয়। লিবিয়ায় মাফিয়া চক্রের সাথে রুকসানার ভাই জড়িত বলে সন্দেহ করছে ভুক্তভোগীর পরিবার। তবে রুখসানার সঙ্গে কথা হলে তিনি জানান, লিবিয়ায় তার ভাই থাকে। ভাইয়ের নাম জিজ্ঞাসা করতেই লাইন কেটে দেন।

এদিকে যশোরের পলুয়া গ্রামের সালমা খাতুন নামে এক নারী গত ২৪ এপ্রিল ইসলামী এজেন্ট ব্যাংক ঝিকরগাছা উপজেলার ছুটিপুর বাজার শাখা থেকে চার লাখ টাকা অপহারণকারীদের দেওয়া ২০৫০২৬৩০১০০১৮২১১০ নাম্বারের একাউন্টে পাঠানো হয়। হরিণাকুন্ডুর রিশখালী গ্রামের আলীর সঙ্গে সালমা খাতুনের ছেলে ফেরদৌস অপহৃত হয়েছিলেন।

খোঁজ নিয়ে জানা গেছে, যশোরের চৌগাছা উপজেলার ছুটিপুর বাজারের ইসলামী এজেন্ট ব্যাংকের শাখা থেকে নগদ অর্থ নড়াইলের রূপগঞ্জ বাজারস্থ ২০৫০২৬৩০১০০১৮২১১০ নাম্বারের ইসলামী এজেন্ট ব্যাংকে পাঠানো হয়। এই একাউন্টটি পরিচালানা করেন মরিয়ম ট্রেডার্সের মালিক জুল হুসাইন। যার লেদদেন আইডি ৫১২৫০৪২৪০০০১৯১৪৩।

ইসলামী ব্যাংক রূপগঞ্জ বাজার শাখার প্রিন্সিপাল অফিসার হুমায়ন কবীর বুধবার জানান, গত ২৪ এপ্রিল মরিয়ম ট্রেডার্সের মালিক জুল হুসাইনের একাউন্টে ৩ লাখ ৯৯ হাজার ৬০০ টাকা পাঠানো হয়েছে। তবে কি উদ্দেশ্যে বা কারা পাঠিয়েছেন তা তিনি জানেন না।

অভিযোগ পাওয়া গেছে, লিবিয়ায় দীর্ঘদিন ধরে কতিপয় বাংলাদেশী দুর্বৃত্ত সেদেশের মাফিয়া চক্রের সহায়তায় শ্রমিকদের অপহরণ করে মুক্তিপণ আদায় করছে। লিবিয়ায় অপহরণ হলেও মুক্তিপণের বেশির ভাগ টাকা লেনদেন হচ্ছে বাংলাদেশে। ভুক্তভোগীরা বলছেন, পুলিশ তৎপর হলেই লিবিয়ায় অবস্থানরত এদেশীয় দুর্বৃত্তদের সহজেই সনাক্ত করে আইনের আওতায় আনা সম্ভব।

এ বিষয়ে ঝিনাইদহের অতিরিক্ত পুলিশ সুপার ইমরান জাকারিয়া জানান, এ ধরণের খবর পাওয়ার পর ভুক্তভোগী পারিবারের বক্তব্য জানতে পুলিশ পাঠানো হয়। ভুক্তভোগীরা যে সব একাউন্টে টাকা দিয়েছে ইচ্ছা করলে তারা মামলা করতে পারেন। মামলা হলে তদন্ত করে পুলিশ এদেশীয় এজেন্টদের খুজে বের করতে পারবে।

[redacted]

[redacted]

[redacted]

ঝিনাইদহে বয়স ভিত্তিক অভিনয়, সংগীত ও নৃত্য কর্মশালা

ঝিনাইদহে স্কুল ও কলেজ ভিত্তিক অভিনয়, সংগীত ও নৃত্য কর্মশালা শেষে সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

বুধারাব ৪দিন ব্যাপী এই কর্মশালার সমাপনী অনুষ্ঠান উপলক্ষে স্থানীয় ফজর আলী গার্লস স্কুল এন্ড কলেজ মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

অংকুর নাট্য একাডেমির সভাপতি আহসান হাবিব রনকের সভাপতিত্বে আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন সাংস্কৃতিক ব্যক্তিত্ব আনোয়ারুল ইসলাম বাদশা।

এসময় উপস্থিত ছিলেন ফজর আলী গার্লস স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ জয়া রানী চন্দ্র,অংকুর নাট্য একাডেমির সাধারণ সম্পাদক নাজিম উদ্দীন জুলিয়াস, কলেজ শিক্ষক সাইফুল ইসলাম, সাংবাদিক সাজ্জাদ আহমেদ, দিদার, নৃত্য প্রশিক্ষক যশোরের হুসাইন তারেক, নৃত্য প্রশিক্ষক রেশমা খাতুন, জারা আবেদীন।

আলোচনা শেষে অভিনয়, সংগীত ও নৃত্য কর্মশালায় অংশগ্রহনকারীদের মধ্যে প্রধান অতিথি ও অতিথিরা সার্টিফিকেট বিতরণ করেন।

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সহযোগিতায় ও অংকুর নাট্য একাডেমি ঝিনাইদহের আয়োজনে ৭ সেপ্টেম্বর থেকে ১০ সেপ্টেম্বর কর্মশালায় স্কুল-কলেজের ৪০ জন ছাত্রী অংশ গ্রহণ করেন।

ঝিনাইদহে খাবার হোটেলে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে এক যুবককে

কুপিয়ে জখম

ঝিনাইদহে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে জুয়েল হোসেন (২৮) নামে এক যুবককে এলোপাতাড়ি ভাবে কুপিয়ে মারাত্বক জখম করেছে দুর্বৃত্তরা।

মঙ্গলবার বিকালে ঝিনাইদহ সদর উপজেলার নারিকেলবাড়িয়া বাজারে এই হামলার ঘটনা ঘটে। জুয়েল ঝিনাইদহ সদর উপজেলার নারিকেলবাড়িয়া গ্রামের আনোয়ার হোসেনেরে ছেলে।

আহত জুয়েলের ভাই রুবেল জানান, তার ছোট ভাই জুয়েল বিকেলে নাস্তা করতে হোটেল গেলে নাস্তা করাকে কেন্দ্র করে হোটেল মালিক শরিফুল লস্করদের সাথে তর্কবিতর্কে জড়ায়। এসময় মালিক শরিফুল লস্কর, মামুন লস্কর ও সাইফুল লস্করসহ বেশ কয়েকজন তারা হোটেলে মুগলাই পরাটা কাটা দা দিয়ে তার মাথায় ও হাতে উপর্যুপুরি কুপিয়ে জখম করে। স্থানীয় লোকজন সেখান থেকে তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করে। তার অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক তাকে ফরিদপুরে রেফার্ড করেন।

এ ব্যপারে ঝিনাইদহ সদর থানার ওসি আব্দুল্লাহ আল মামুন বলেন, ঘটনা শুনেছি তবে অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

ঝিনাইদহে মানবাধিকার লঙ্ঘন বিষয়ক প্রতিবেদন উপস্থাপন সভা

আওয়ামী ফ্যাসিবাদ আমলে ঝিনাইদহে মানবাধিকার লঙ্ঘন বিষয়ক এক সভা অনুষ্ঠিত হয়েছে।

রোববার বিকেলে ঝিনাইদহ শহরের আলহেরা বাইপাস এলাকার একটি মিলনায়তনে এ সভার আয়োজন করে শহর ও জেলা শিবির।

আব্দুল্লাহ আল মামুনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিবিরের কেন্দ্রীয় মানবাধিকারা বিষয়ক সম্পাদক সিফাত উল আলম, বিশেষ অতিথি ছিলেন জেলা জামায়াতের আমীর

আলী আযম মো. আবু বকর, জেলা শিবির সভাপতি আরিফ হোসেন, সেক্রেটারি ওবাইদুর রহমানসহ গুম ও কারাভোগী নেতাকর্মীরা।

বক্তারা অভিযোগ করেন, আওয়ামী সরকারের সময় মানবাধিকার ব্যাপকভাবে লঙ্ঘিত হয়েছে। তারা বলেন, বিরোধী দলের নেতাকর্মীদের ওপর পুলিশি নির্যাতন, গুম করে মাসের পর মাস অমানবিক আচরণ এবং ক্রসফায়ারের নামে শিবিরের নেতাদের হত্যার ঘটনা বারবার ঘটেছে।

বক্তারা এসব অপরাধের সাথে জড়িত পুলিশ সদস্যসহ সকলকে বিচারের আওতায় আনার দাবী জানান।

অনুষ্ঠানটি পরিচালনা করেন ঝিনাইদহ শহর শাখা ও জেলা শাখার সেক্রেটারি পারভেজ ও ওবাইদুর রহমান। সভায় আওয়ামী ফ্যাসিবাদ আমলে ঝিনাইদহে গুম, খুন এবং মামলা হামলার শিকার নেতাকর্মীদের অবর্ণনীয় কারানির্যাতনের লিখিত পরিসংখ্যান উপস্থাপন করা হয়।

সভায় প্রধান অতিথি বলেন, সব হত্যাকান্ডের পূর্ণাঙ্গ ও নিরপেক্ষ তদন্ত করতে হবে, এ ঘটনায় জড়িত পুলিশ সদস্য ও সংশ্লিষ্ট ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে। হত্যাকাণ্ডের শিকার পরিবারগুলোর উপযুক্ত ক্ষতিপূরণ দিতে হবে, ভবিষ্যতে গুম ও বিচার বহির্ভূত হত্যাকাণ্ড বন্ধে কঠোর আইন ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে।

ঝিনাইদহে স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক কর্মশালা

সরকারি স্বাস্থ্যসেবা সহজলভ্য করে গর্ভকালীন মাতৃ মৃত্যুহার, অপুষ্টি জনিত শিশু মৃত্যুর হার কমানোসহ সংক্রামক রোগের সংক্রমন প্রতিরোধে ঝিনাইদহে স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

রোববার (৭ সেপ্টেম্বর) সকালে হরিণাকুন্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স মিলনায়তনে এ কর্মশালার আয়োজন করে অর্থ মন্ত্রণালয়ের

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)।

এতে হরিণাকুন্ডু উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা.আলমগীর হোসেন, পরিবার পরিকল্পনা কর্মকর্তা নাছরীনসহ এসডিএফ’র জেলা ব্যবস্থাপক মাহমুদ হাসান, জেলা স্বাস্থ্য ও পুষ্টি কর্মকর্তা ডা. অনুদীপা রানী, আইটি এন্ড এসআইএস মো. সাদ আহম্মেদ, ক্লাস্টার অফিসার বাণী বৈরাগীসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

উপজেলা পর্যায়ের স্বাস্থ্য বিভাগের সরকারি প্রতিনিধি ও এসডিএফ-এর কর্মকর্তাদের অংশগ্রহণে আয়োজিত এ কর্মশালায় পুষ্টি ও স্বাস্থ্যসেবা সহজলভ্য করার বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক তুলে ধরা হয়। কর্মশালায় এসডিএফ-এর পক্ষ থেকে খাদ্য ও পুষ্টি, অপুষ্টিজনিত সমস্যার প্রতিকার, কিশোর-কিশোরীদের পুষ্টির গুরুত্ব, ইপিআই কর্মসূচির মাধ্যমে রোগ প্রতিরোধ, স্বাস্থ্যসম্মতভাবে হাত ধোয়ার অভ্যাস এবং বসতভিটায় পুষ্টিবাগান স্থাপনের মাধ্যমে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার বিষয়গুলো বিশেষভাবে উপস্থাপন করা হয়। কর্মশালাটি সংশ্লিষ্টদের মধ্যে স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ে সচেতনতা বাড়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

কর্মশালায় অংশগ্রহণকারীদের এসব গুরুত্বপূর্ণ বিষয়ে সচেতন করার পাশাপাশি বাস্তব জীবনে তা প্রয়োগ করার জন্য প্রশিক্ষণ প্রদান করা হয়।

হরিণাকুণ্ডুতে নিখোঁজের ৫ দিন পর যুবকের অর্ধ গলিত লাশ উদ্ধার

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলায় নিখেজের ৫দিন পর এক যুবকের অর্ধগলিত লাশ উদ্ধার করেছে পুলিশ। উপজেলার ভায়না ইউনিয়নের লক্ষ্মীপুর গ্রামের চাঁদ আলী মন্ডলের ছেলে মোঃ মিলন হোসেন (১৯) গত ১ সেপ্টেম্বর থেকে নিখোঁজ ছিল এবং আজ শনিবার গ্রামের পান

বরজের পাশে হলুদ ক্ষেতের মধ্যে তার অর্ধগলিত লাশ পাওয়া যায়।

স্বজন এবং পুলিশ সূত্রে জানা যায়, গত ১সেপ্টেম্বর সন্ধ্যা ৭টার দিকে লক্ষীপুর জামে মসজিদে নামাজ পড়ার উদ্দেশ্যে বের হয় মিলন পরে আর বাড়িতে ফিরে না আসার কারনে পরিবারের লোকজন বিভিন্ন জায়গাতে খোঁজ-খবর নিতে থাকে এবং কোথাও খুজে পায় নাই।

অনেক খোজাখুজির পর আজ শনিবার দুপুর আড়াইটার দিকে রহিম, মাসুমসহ বেশ কয়েকজন শ্রমিক তাদের নিজ গ্রামের মাঠে পানের বরজে কাজ করতে গিয়ে পার্শ্ববর্তী হলুদ ক্ষেত থেকে পঁচা দুর্গন্ধ পায়। তারা গন্ধের উৎস খুঁজতে হলুদের খেতে গিয়ে ভিকটিমের অর্ধ গলিত লাশ দেখতে পেয়ে চিৎকার করলে ভিকটিমের পিতা ও পরিবারের সদস্যগণ লাশ চিহ্নিত করে।

পরে খবর পেয়ে ঘটনাস্থলে থানা পুলিশ উপস্থিত হয়ে আইনগত কার্যক্রম গ্রহণ শেষে মৃত লাশের ময়না তদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠায়।

এবিষয়ে হরিণাকুণ্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শহিদুল ইসলাম জানান, খবর পাওয়রে সাথে সাথে পুলিশ পাঠিয়ে ছিলাম, গত কয়েকদিন আগে থেকেই মিলন নিখোঁজ ছিল, থানায় জিডি করার পর আমরা খোজ রাখছিলাম, আজ মাঠে কিছু শ্রমিক ক্ষেতে কাজ করতে গিয়ে দুপুরে দুর্গন্ধ পেয়ে লাশটি শনাক্ত করে। আমরা মামলা নিয়েছি, বিষয়টি ক্ষতিয়ে দেখছি দোষিদের খুজে বের করার চেষ্টা চলছে।

ঝিনাইদহে ব্যবসায়ীর হাত-পা বাঁধা অর্ধগলিত মরদেহ উদ্ধার

ঝিনাইদহ সদর উপজেলার মহারাজপুর ইউনিয়নের কেশবপুর গ্রাম থেকে
তোয়াজ উদ্দিন শেখ (৫২) নামের এক
ব্যবসায়ীর অর্ধগলিত মরদেহ নিজ
বাসা থেকে উদ্ধার করেছে পুলিশ।
তিনি ওই গ্রামের হারিস আলী শেখের
ছেলে।

বুধবার (৩ সেপ্টেম্বর) রাত ৮টার দিকে কেশবপুর গ্রামের তার নিজ বাড়ির একটি তালাবদ্ধ ঘর থেকে মরদেহটি উদ্ধার করে পুলিশ।

পুলিশ ও স্থানীয়রা জানান, বুধবার বিকেলে তোয়াজ উদ্দিনের ঘর থেকে দুর্গন্ধ বের হলে স্থানীয়রা তার স্বজনদের খবর দেন। পরে স্বজনরা জানালা দিয়ে তার মরদেহ দেখতে পেয়ে পুলিশকে খবর দেন। পুলিশ এসে ঘরের তালা ভেঙে হাত-পা বাঁধা মরদেহটি উদ্ধার করে।

তার শরীরের বিভিন্ন জায়গায় আঘাতের চিহ্ন রয়েছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে এটি উদ্দ্যেশ মূলক হত্যাকান্ড। এদিকে ঘরের দেয়ালে একটি চিরকুট লেখা দেখে মানুষের ধারণা নানা ভাবে ঘুরপাক খাচ্ছে। তাতে লোখা আছে ‘তাকে মারার কারণ সে মুহাম্মদ (সা:) কে গালি দিসে তাঁর নামে খারাপ কথা বলেছে। আল্লাহু আকবার। এনিয়ে পুলিশের মাঝেও চলছে বিভিন্ন রকমের প্রতিক্রিয়া তবে সবকিছু তদন্ত সাপেক্ষে বেরিয়ে বলে তাদেও ধারণা

প্রতিবেশিরা জানান, নিহত তোয়াজ উদ্দিন শেখ ঢাকায় বসবাস করতেন গত সপ্তাহে ঢাকা থেকে গ্রামের বাড়িতে আসেন। স্ত্রী-সন্তান না থাকায় তিনি গ্রামের বাড়িতে একাই বসবাস করতেন। সবশেষ গত সোমবার গ্রামের অনেকের সঙ্গে তার দেখা হয়েছে বলে বলেছেন। তারপর থেকে কেউ আর তাকে রাস্তাঘাটে দেখতে পাননি।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল্লাহ আল মামুন জানান, প্রাথমিকভাবে হত্যাকান্ড হিসেবে আমরা ধারণা করছি। সুরতহাল শেষে মরদেহ মর্গে পাঠানো হবে। তদন্তের পরে হত্যাকান্ডের প্রকৃত কারণ জানা যাবে।